বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ

কালিয়াকৈর, গাজীপুর

স্মারক:৩৭.০১.৪১০৪.০০০.৪৪.০০৮.১৯.৩২০৫

তারিখঃ ১৬ মার্চ ২০২২
০২ চৈত্র ১৪২৮

বিডিইউ এর আইসিটি ইন এডুকেশন প্রোগ্রামে ২০২০-২১ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তির জন্য ১ম উন্মুক্ত কল প্রকাশের বিজ্ঞপ্তি।

২০২০-২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তির ১ম উন্মুক্ত কলের পরবর্তী ১৭ (সতের) জন প্রার্থীদের ফলাফল আবেদন ফরমে উল্লেখিত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে জানিয়ে দেয়া হয়েছে। এছাড়াও ফলাফল বিশ্ববিদ্যালয়ের Admission ওয়েবসাইট (https://admission.bdu.ac.bd) এ প্রকাশ করা হয়েছে। বিডিইউ এর ২০২০-২১ শিক্ষাবর্ষ এর প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে আপনি যদি ভর্তি হতে আগ্রহী হোন, সেক্ষেত্রে আগামী ২১ মার্চ, ২০২২ খ্রিঃ (সোমবার) দুপুর ১২.০০ টার মধ্যে প্রয়োজনীয় কাগজপত্র ও ভর্তির ফি সহ একাডেমিক ভবনে উপস্থিত থাকতে হবে। উপস্থিত প্রার্থীদের মধ্যে থেকে মেধাক্রমের ভিত্তিতে আইসিটি ইন এডুকেশন প্রোগ্রামে ০৪ (চার) টি শূন্য আসনের বিপরীতে ঐ দিন বিকাল ৫.০০ টার মধ্যে ভর্তি কার্যক্রম সম্পন্ন করা হবে।

১. অনলাইন ভর্তি ফরম পূরণ:

বিডিইউ এর ২০২০-২১ শিক্ষাবর্ষ এর প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তির জন্য ৫ (পাঁচ) টি মেধাতালিকা প্রকাশ ও ভর্তি সম্পন্ন করার পর ১ম উন্মুক্ত কলে মেধাতালিকায় স্থানপ্রাপ্ত অবেদনকারীর মধ্যে আইসিটি ইন এডুকেশন প্রোগ্রামে ০৪ (চার) টি শূন্য আসনে ভর্তি হতে যারা যারা ইচ্ছুক, তারা সকল প্রয়োজনীয় কাগজপত্র ও ভর্তি ফি সহ আগামী ২১-০৩-২০২২ খ্রিঃ (সোমবার) দুপর ১২.০০ টার মধ্যে সশরীরে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবনে উপস্থিত হয়ে আবেদনপত্র জমা দিতে হবে। আগ্রহী প্রার্থীদের মধ্য থেকে উক্ত তারিখে বিকাল ৫.০০ টার মধ্যে মেধা তালিকার ক্রমানুসারে আইসিটিই প্রোগ্রামে ০৪ (চার) টি শূন্য আসনের ভর্তি সম্পন্ন করা হবে।

অনলাইনে ভর্তি ফরম পূরনের জন্য প্রার্থীকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ এর ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (https://admission.bdu.ac.bd) Login অপশনে গিয়ে GST ভর্তি পরীক্ষার রোল নম্বর ও PIN এর মাধ্যমে লগইন করে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে।
উল্লেখ্য যে, মেধা তালিকায় স্থানপ্রাপ্ত প্রার্থীদের অনলাইন ভর্তি ফরমের বিষয় মাইগ্রেশন ফিল্ডে বিষয় মাইগ্রেশন অন/অফ বাটনে ক্লিক করে মাইগ্রেশন চাওয়ার বিষয়টি নিশ্চিত করতে হবে।

২. ভর্তি ফি:

বিশ্ববিদ্যালয় কর্তৃক মেধা তালিকায় স্থানপ্রাপ্ত প্রার্থীকে ভর্তির সময় আদায়কৃত বিভিন্ন ফি [(প্রার্থী প্রতি ১৫০০০.০০ (পনের হাজার + চার্জ প্রযোজ্য)] টাকা রকেট (ডাচ্ বাংলা মোবাইল ব্যাংকিং) অথবা SSLCOMMERZ এর মাধ্যমে জমা প্রদান করা যাবে।

(ক) খাতসহ ভর্তি ফি:

ক্রমিক নং	খাত	টাকা
১.	ভর্তি ফি	১০০০/-
২.	সেমিস্টার ফি	২,৫০০/-
৩.	রেজিস্ট্রেশন ফি	১০০০/-
৪.	মাসিক বেতন ৫০০ টাকা করে প্রথম ৩ মাসের বেতন	১,৫০০/-
৫.	ছাত্র-ছাত্রী কল্যাণ ফি	৫০০/-
৬.	স্মার্ট আইডি কার্ড ফি	২০০/-
৭.	বিশ্ববিদ্যালয় অবকাঠামো উন্নয়ন ফি	১,০০০/-
৮.	গবেষনাগার ফি	১,০০০/-
৯.	Cloud Computing Fee	৭৫০/-
১০.	LMS User Fee	৭৫০/-
১১.	Incubation and Innovation Fee	৩০০/-
১২.	লাইব্রেরী জামানত ফি (ফেরৎযোগ্য)	৫০০/-
১৩.	লাইব্রেরী ব্যবহার ফি	৩০০/-
১৪.	একাডেমিক ক্যালেন্ডার ফি	১০০/-
১৫.	বিএনসিসি এবং রোভার স্কাউট ফি	৬০০/-
১৬.	বিভাগ উন্নয়ন ফি	১,৫০০/-
১৭.	ল্যাব ফি	১,৫০০/-
	মোট:	১৫,০০০/-

(খ) পেমেন্ট পদ্ধতি:

১। রকেট পেমেন্ট পদ্ধতি

ধাপ-১: রকেট Apps এ LOGIN করুন
ধাপ-২: Bill Pay Option নির্বাচন করুন।
ধাপ-৩: Category থেকে University নির্বাচন করুন অথবা Search Biller এ BDU লিখে Search করুন।
ধাপ-৪: BDU Admission Panel থেকে প্রাপ্ত Payment ID প্রদান করুন এবং Validate বাটন এ press করুন।

ধাপ-৫: নাম ও টাকার পরিমান মিলিয়ে দেখে OK Press করুন।
ধাপ-৬: রকেট PIN প্রদান করে আপনার Admission Fee পরিশোধ নিশ্চিত করুন।
ধাপ-৭: Apps এবং মোবাইলে নিশ্চিতকরন Message পাবেন।

২। SSLCOMMERZ পেমেন্ট পদ্ধতি

Payment Process (পরিশোধ পদ্ধতি)	
ধাপ ১	Dashboard
ধাপ ২	Click pay now button
ধাপ ৩	Get payment gateway (SSLCOMMERZ)
ধাপ ৪	Choose any payment method
ধাপ ৫	Click pay
ধাপ ৬	Type your account number
ধাপ ৭	Enter your OTP to confirm
ধাপ ৮	Now enter your PIN to confirm
ধাপ ৯	Done! you will receive a confirmation message from SSLCOMMERZ

দ্রষ্টব্য: বিভিন্ন পেমেন্ট অপশনে আবেদন ফি পরিশোধ করার পদ্ধতি বিভিন্ন রকম হতে পারে। ধারাবাহিকভাবে নির্দেশনা অবলম্বন করার জন্য অনুরোধ করা হলো।

৩. দলিলাদির সত্যতা যাচাই এবং উপস্থিতি নিশ্চিতকরণ:

(ক) ভর্তির জন্য ১ম উন্মুক্ত কলের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত প্রার্থীদের নিম্নে উল্লেখিত তারিখ ও সময় অনুযায়ী একাডেমিক ভবন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ, কালিয়াকৈর এ নিম্নে উল্লেখিত সকল সনদ ও ট্রান্সক্রিপ্ট এর সত্যতা যাচাইয়ের জন্য স্ব-শরীরে উপস্থিত হতে হবে। এইদিন স্বাক্ষরিত ভর্তি ফরমের সাথে নিম্নোক্ত সকল মূল দলিলাদি ও এর ২(দুই) সেট ফটোকপি রেজিস্ট্রার দপ্তরে জমা দিতে হবে:

১. এসএসসি/ সমমান পরীক্ষার মূল সনদপত্র
২. এসএসসি/ সমমান পরীক্ষার মূল নম্বরপত্র
৩. এইচএসসি/ সমমান পরীক্ষার মূল সনদপত্র
৪. এইচএসসি/ সমমান পরীক্ষার মূল নম্বরপত্র
৫. এইচএসসি/ সমমান পরীক্ষার মূল প্রশংসাপত্র
৬. এইচএসসি/ সমমান পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড
৭. জিএসটি এডমিট কার্ডের ইনভিজিলেটরের স্বাক্ষরযুক্ত কপি
৮. পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি রঙিন ছবি

(খ) মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে: মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত মুক্তিযোদ্ধা সার্টিফিকেটের মূল কপি এবং এক কপি মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক সম্প্রতি সত্যায়িত কপি। মুক্তিযোদ্ধার নাতি/নাতনি প্রমাণের সার্টিফিকেট হিসেবে প্রার্থীর জন্মনিবন্ধন সনদপত্র/জাতীয় পরিচয়পত্র, পিতা/মাতার জাতীয় পরিচয়পত্র, বিবাহ নিবন্ধন সার্টিফিকেট, থানা/উপজেলা/জেলা মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিল কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়নপত্র, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ সিটি কর্পোরেশন/পৌরসভার কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়নপত্র।

(গ) আদিবাসী কোটার ক্ষেত্রে: জেলা প্রশাসক/সংশ্লিষ্ট উপজাতীয় গোত্রের প্রধান/ রাজা/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ সিটি কর্পোরেশন/ পৌরসভার কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত উপজাতি সার্টিফিকেট।

৪. ১ম উন্মুক্ত কলের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত প্রার্থীগণ ভর্তির জন্য বিশ্ববিদ্যালয়ে উপস্থিতির তারিখ ও সময়:

ভর্তি পরীক্ষায় প্রার্থীর মেধামান	সশরীরে উপস্থিতির তারিখ ও বার	দলিলাদি মূল্যায়নের সময়
১ম উন্মুক্ত কলের পরবর্তী ১৭ (সতের) জনের মধ্যে আগ্রহী আবেদনকারীগন।	দুপুরঃ- ১২.০০ টা, ২১-০৩-২০২২ খ্রিঃ (সোমবার)	ঐ দিন বিকালঃ- ০৫:০০ টা পর্যন্ত

৫. ভর্তি বাতিল পদ্ধতি:

ভর্তি বাতিল করার জন্য প্রার্থীকে ৭০০০/-(সাত হাজার) টাকা ভর্তি বাতিল ফি জমা দিতে হবে। ৩০ শে মে ২০২২ বিকাল ০৫:০০ টা পর্যন্ত ভর্তি বাতিল করা যাবে। উক্ত সময় শেষ হলে ১ (এক) একাডেমিক বর্ষ সম্পন্ন না হওয়া পর্যন্ত ভর্তি বাতিল করা যাবে না এবং ঐ সময়ের মধ্যে শিক্ষার্থীর সকল মূল সনদ বিশ্ববিদ্যালয়ের কাছে গচ্ছিত থাকবে। বিশ্ববিদ্যালয়ের অন্যান্য ফি যদি অপরিশোধিত থাকে তাহলে তা পরিশোধ করতে হবে।

প্রার্থীর দলিলাদিতে কোন ভুল/অসত্য তথ্য প্রদান করলে ভর্তিকৃত ছাত্র/ছাত্রীর ভর্তি বাতিল হবে ও অসত্য তথ্য প্রদানের বিষয় প্রমাণিত হলে সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে। বাংলাদেশের নাগরিক ব্যতীত অন্য কেউ এই প্রক্রিয়ায় আবেদন করে ভর্তি হয়েছে বলে পরবর্তীতে প্রমাণিত হলে তার ভর্তি বাতিল বলে গণ্য হবে। ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে ভর্তি কমিটিসমূহের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। ফলাফলে কোন ত্রুটি দেখা গেলে কর্তৃপক্ষ তা সংশোধন ও পরিবর্তনের ক্ষমতা রাখে।

বিশেষ দ্রষ্টব্য: করোনাকালীন সময়ে স্বাস্থ্যবিধি মেনে ভর্তি কার্যক্রম চলমান থাকবে।

স্বাক্ষরিত/-
মোঃ আশরাফ উদ্দিন
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ